দৈনিক সংবাদ

তারিখ ... 25 DEC 1990 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৮ ...

৩৮

শিবিরের প্রতি অস্থায়ী রাষ্ট্রপতি

# শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস জাতীয় জীবনে বিরূপ প্রতিক্রিয়া ফেলবে

অস্থায়ী রাষ্ট্রপতি বিচারপতি শাহাবুদ্দিন আহমদ দেশের বৃহত্তর স্বার্থে সকলের ধৈর্য ও সংযম প্রদর্শনের

(শেষ পৃঃ ১—এর কঃ দ্রঃ)

## অস্থায়ী রাষ্ট্রপতি

( ১ম পাতার পর )

প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেছেন। তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস জাতীয় জীবনে বিরূপ প্রতিক্রিয়া ফেলবে।' যা অবাধ, নিরপেক্ষ ও শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠানের প্রক্রিয়াকে ব্যাহত করবে। খবর বাসস ও ইউএনবি'র।

গতকাল ইসলামী ছাত্র শিবিরের ১০ সদস্যের একটি দল বিচারপতি শাহাবুদ্দিনের সঙ্গে তার সচিবালয়ে দেখা করলে তিনি একথা বলেন।

শিবির সভাপতি আমিনুল ইসলামের নেতৃত্বে প্রতিনিধিদল অস্থায়ী রাষ্ট্রপতির সঙ্গে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসমূহসহ দেশের পরিস্থিতি নিয়ে আলোচনা করেন। তারা অস্থায়ী রাষ্ট্রপতির কাছে একটি স্মারকলিপি পেশ করেন।

বিচারপতি শাহাবুদ্দিন অন্যান্য ছাত্র সংগঠনের সঙ্গে সহযোগিতার মাধ্যমে ক্যাম্পাসসমূহে শান্তি বজায় রাখার জন্য ছাত্রদের প্রতি আহ্বান জানান। শিবিরের একটি দাবীর উল্লেখ করে বিচারপতি শাহাবুদ্দিন বলেন, রেডিও ও টেলিভিশন সকল দলের ভারসাম্যপূর্ণ খবর প্রচার করছে।